



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং-শেকৃবি/প্রশা:/কৃ:গুচ্ছভর্তি-০১/২০২২-২৭৯৫


তারিখ: ১৮-০৯-২০২২ খ্রি:

বিষয়: কৃষিবিজ্ঞান বিষয়ে ডিগ্রি প্রদানকারী ৮ (আট) টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণির ১০-০৯-২০২২ তারিখ শনিবার অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ফলাফল নিরীক্ষণ।

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, কৃষিবিজ্ঞান বিষয়ে ডিগ্রি প্রদানকারী ৮ (আট) টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে গুচ্ছ পদ্ধতিতে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক শ্রেণির ১০-০৯-২০২২ তারিখ শনিবার অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার প্রকাশিত ফলাফল নিরীক্ষা করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করার জন্য বলা যাচ্ছে:

- ১) প্রার্থীদেরকে আগামী ২০-০৯-২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কার্যালয়ের ২০৪ নম্বর কক্ষে স্ব-শরীরে উপস্থিত হয়ে ভর্তি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি এবং নিরীক্ষা ফি বাবদ ১০০০.০০ (এক হাজার) টাকা জমাদান সাপেক্ষে 'সদস্য-সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি, কৃষিগুচ্ছ ভর্তি পরীক্ষা ও রেজিস্ট্রার, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়' বরাবর সাদা কাগজে আবেদন করতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন বিবেচনা করা হবে না।
- ২) নিরীক্ষার ফলাফল আগামী ২৪-০৯-২০২২ তারিখ আবেদনকারীদের জানিয়ে দেওয়া হবে।

কেন্দ্রীয় ভর্তি কমিটির সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে,


(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার, শেকৃবি

ও

সদস্য-সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি, কৃষিগুচ্ছ ভর্তি পরীক্ষা

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে):

১. পরিচালক (আইসিসি), শেকৃবি (কৃষিগুচ্ছ ভর্তি পরীক্ষার ওয়েবসাইট এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ প্রচারের অনুরোধসহ)।
২. জনসংযোগ কর্মকর্তা, শেকৃবি।
৩. ভিসি মহোদয়ের একান্ত সচিব, ভিসি মহোদয়ের সচিবালয়, শেকৃবি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অফিস নথি।